যায়যায়দিন

তারিখ JUL 08 2006
পৃষ্ঠা ৮ কলাম ৭

# আজ থেকে বিরোধী দল সমর্থক শিক্ষকরাও ধর্মঘটে

## মোট ৩৫টি সংগঠন আন্দোলনে : বিপর্যস্ত শিক্ষা ব্যবস্থা

যাযাদি রিপোর্ট

সরকার সমর্থকদের পাশাপাশি বিরোধী দল সমর্থক বেসরকারি শিক্ষক-কর্মচারীরাও আজ শনিবার থেকে অবিরাম ধর্মঘটে নামছেন। বেতনের সরকারি অংশ শতভাগে উন্নীত করার অভিন্ন দাবিতে সরকারের শেষ সময়ে এখন আন্দোলনে শিক্ষকদের ৩৫টি সংগঠন। টানা ধর্মঘটে কার্যত অচল হয়ে পড়েছে দেশের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা।

পূর্বঘোষণা অনুযায়ী আজ থেকে অবিরাম ধর্মঘটে যাচ্ছে ১১টি শিক্ষক সংগঠনের সমন্বয়ে গঠিত জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট ও নয়টি সংগঠনের মোর্চা শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ। এ দুটি মোর্চাই বিরোধী দল সমর্থিত। সরকার সমর্থিত ১০টি সংগঠনের মোর্চা শিক্ষক-কর্মচারী ঐক্যজোট ধর্মঘট শুরু করেছে বৃহস্পতিবার থেকে। এরা শিক্ষামন্ত্রীর আস্থাভাজন বলে পরিচিত। বাংলাদেশ শিক্ষক সমিতি (বাশার-নজরুল) ও বাংলাদেশ শিক্ষক সমিতি (জয়নুল)ও আজ থেকে অনির্দিষ্টকালের ধর্মঘটে যাবে। কাল থেকে শুরু করবে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের আরেকটি অংশ। সরকার সমর্থিতদের এই গ্রুপটির পরিচিতি শিক্ষা প্রতিমন্ত্রীর ঘনিষ্ঠ হিসেবে।

ধর্মঘটে রাজধানীসহ বিভাগীয় শহরের নামিদামি শিক্ষা প্রতিষ্ঠানগুলো সাড়া না দিলেও বিপাকে পড়েছে মফস্বলের শিক্ষার্থীরা। মফস্বল এলাকায় অধিকাংশ শিক্ষকই সরকারি ৯০ ভাগের বাইরে তেমন সুযোগ-সুবিধা পান না। এ কারণেই বেতন-ভাতা আদায়ের চূড়ান্ত আন্দোলন হিসেবে স্বতঃস্ফূর্তভাবে ধর্মঘট পালন করেন তারা। বছরের মাঝামাঝি লাগাতার ধর্মঘটে উদ্বিগ্ন হয়ে পড়েছেন এসব শিক্ষা প্রতিষ্ঠানের এক কোটি শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা। জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট গতকাল এক বিবৃতিতে দাবি আদায়ে অবিরাম ধর্মঘট সফল করার জন্য শিক্ষক-কর্মচারীদের প্রতি আহ্বান জানিয়েছে। বিবৃতিতে ধর্মঘটের দিন প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে পৃথক কাগজে স্বাক্ষর করে তা সংরক্ষণ করতে ফ্রন্টের পক্ষ [illegible] রীদের পরামর্শ দেয়া হয়েছে। বিবৃতিদাতারা হলেন পৃ-১৫ ক-৩

## আজ থেকে বিরোধী

(প্রথম পৃষ্ঠার পর)

প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, আহ্বায়ক আজিজুল ইসলাম, অধ্যক্ষ মোঃ শাহজাহান, অধ্যাপক আসাদুল হক, অধ্যক্ষ আবদুর রশীদ প্রমুখ।

এদিকে গত বৃহস্পতিবার থেকে লাগাতার ধর্মঘট পালনকারী শিক্ষক-কর্মচারী ঐক্যজোট আজ থেকে প্রতিদিন হাজিরা খাতায় স্বাক্ষর করে এক ঘণ্টা প্রতিষ্ঠানে উপস্থিত থেকে শিক্ষক-কর্মচারীদের জনপ্রতিনিধি, অভিভাবক ও সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় কর্মসূচি দিয়েছেন।

**শিক্ষক-কর্মচারী সমন্বয় পরিষদ**

বাংলাদেশ শিক্ষক-কর্মচারী সমন্বয় পরিষদ পূর্ণাঙ্গ দুটি বোনাস, ৪৫ শতাংশ বাড়ি ভাড়া প্রদান, নতুন জাতীয় স্কেলে ইনক্রিমেন্ট দেয়াসহ বিভিন্ন দাবিতে আগামীকাল থেকে অবিরাম ধর্মঘটের ডাক দিয়েছে। গতকাল ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করা হয়। এতে লিখিত বক্তব্য পাঠ করেন পরিষদের মহাসচিব শেখ আবদুস সালাম। উপস্থিত ছিলেন প্রধান উপদেষ্টা অধ্যক্ষ তয়েবুর রহমান, প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ আশরাফুল আলম ও সভাপতি অধ্যক্ষ রবিউল হক।